**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.২৬.০০১.২০(অংশ-২)-৩২৫ তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮ / ৩০ জুন ২০২১

**বিষয় : জাতীয় সংসদের ২৩১ সিলেট-৩ শূন্য আসনের নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় সংসদের ২৩১ সিলেট-৩ শূন্য আসনের নির্বাচনের তফসিল অনুসারে **২৮ জুলাই ২০২১** তারিখে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ **২৭ জুলাই ২০২১** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৮ জুলাই ২০২১** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

(১) ট্রাক (২) পিক আপ

২। সেই সাথে **২৬ জুলাই ২০২১** তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে **২৯ জুলাই ২০২১** তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা বলবৎ থাকবে।

৩। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনি এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য হবে। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত শূন্য আসনের নির্বাচন উপলক্ষে উল্লেখিতরূপে নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে **সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষ-কে** ক্ষমতা প্রদানের জন্য **নির্দেশক্রমে** অনুরোধ করা হলো।

30/06/2021

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন:০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণঃ উপসচিব, বিআরটিএ সংস্থাপন অধিশাখা]

নং-১৭.০০.০০০০.০৩৪.২৬.০০১.২০(অংশ-২)-৩২৫ তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮ / ৩০ জুন ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ........................................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ

৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, ..................................................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/ডিজিএফআই/এনএসআই/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ
৯. উপমহাপুলিশ পরিদর্শক, সিলেট রেঞ্জ
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
১৪. জেলা প্রশাসক, সিলেট
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট ও রিটার্নিং অফিসার
১৬. পুলিশ সুপার, সিলেট
১৭. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, সিলেট
১৯. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, সিলেট
২০. উপজেলা নির্বাহী অফিসার, ................................ (সংশ্লিষ্ট)
২১. জেলা তথ্য অফিসার, সিলেট
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................................. এর একান্ত সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. উপজেলা নির্বাচন অফিসার,............................ (সংশ্লিষ্ট)
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..................................... (সংশ্লিষ্ট) থানা।

০৮/০৬/২০২০

( মোহাম্মদ আশফাকুর রহমান )
সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-৩০৪ তারিখ: ০১ আষাঢ় ১৪২৮ / ১৫ জুন ২০২১

## প্রজ্ঞাপন

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-৩০৪। নির্বাচন কমিশন সচিবালয় হতে স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪. ৩৬.০০১.২০-২৭৬ মূলে ০২ জুন ২০২১ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন অনুসারে জাতীয় সংসদের ২৩১ সিলেট-৩, ১৮৭ ঢাকা-১৪ ও ২৫৩ কুমিল্লা-৫ শূন্য আসনের নির্বাচনের সময়সূচিতে বর্ণিত ভোটগ্রহণের তারিখ মাননীয় নির্বাচন কমিশন পরিবর্তন করিয়া নিম্নরূপ তারিখ নির্ধারণ করিয়াছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | ১৩ শ্রাবণ ১৪২৮<br>২৮ জুলাই ২০২১ | বুধবার |

সময়সূচিতে বর্ণিত অন্যান্য তারিখ অপরিবর্তিত থাকিবে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

( মোঃ হুমায়ুন কবীর খোন্দকার )
সচিব

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

অদ্যকার তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ২৫ (পঁচিশ) কপি সরকারি কাজে ব্যবহারের জন্য সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.২০-৩০৪ তারিখ: ০১ আষাঢ় ১৪২৮ / ১৫ জুন ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব ................................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ..................................(সংশ্লিষ্ট)

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

৯. উপমহাপুলিশ পরিদর্শক, ................................(সংশ্লিষ্ট) রেঞ্জ

১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা

১২. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা

১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ।

১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।সংবাদ মাধ্যমে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ।

১৫. জেলা প্রশাসক, কুমিল্লা ও রিটার্নিং অফিসার

১৬. জেলা প্রশাসক, ...................................(সংশ্লিষ্ট)

১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট/ঢাকা অঞ্চল ও রিটার্নিং অফিসার

১৮. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা

১৯. অতিরিক্ত আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট ও সহকারী রিটার্নিং অফিসার

২০. পুলিশ সুপার, ......................................(সংশ্লিষ্ট)

২১. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২২. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, সিলেট/ঢাকা ও সহকারী রিটার্নিং অফিসার

২৩. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা

২৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ...............................(সংশ্লিষ্ট)

২৫. উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণপাড়া /বুড়িচং উপজেলা, কুমিল্লা ও সহকারী রিটার্নিং অফিসার

২৬. উপজেলা নির্বাহী অফিসার, ....................................(সংশ্লিষ্ট)

২৭. জেলা তথ্য অফিসার,............................................(সংশ্লিষ্ট)

২৮. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৯. মাননীয় নির্বাচন কমিশনার জনাব .................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩০. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৩১. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ..........................(সংশ্লিষ্ট)

৩২. অফিসার-ইন-চার্জ, ......................................... (সংশ্লিষ্ট) থানা।

( মোহাম্মদ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail: sas_emc1@gmail.com